# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date:30.05.2024 Time: 7.35 P.M.**

বিশেষ বিশেষ খবর –

১) সপ্তম তথা শেষ দফার নির্বাচনের জন্য প্রচারাভিযান আজ সন্ধ্যায় শেষ হচ্ছে।

২) OBC সংরক্ষণ সহ একাধিক বিষয় নিয়ে তুঙ্গে শাসক – বিরোধী তর্জা।

৩) সংশোধিত নাগরিকত্ব আইন সি এ এ-র ২০২৪-এর বিধি অনুযায়ী পশ্চিমবঙ্গে শুরু হয়েছে নাগরিকত্বের সার্টিফিকেট দেওয়ার প্রক্রিয়া।

৪) উত্তরবঙ্গের একাধিক জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি। হাল্কা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা দক্ষিণবঙ্গেও।

০০০০০০০০০০০০০০০০০০০০

লোকসভা নির্বাচনের সপ্তম তথা চূড়ান্ত দফার জন্য প্রচার আজ সন্ধ্যায় শেষ হচ্ছে। এই পর্বে আগামী শনিবার পয়লা জুন পশ্চিমবঙ্গ সহ ৭’টি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চলের মোট ৫৭টি আসনে ভোট নেওয়া হবে।

এরাজ্যের **৯’টি** আসন হল-

দমদম, বারাসাত, বসিরহাট, জয়নগর, মথুরাপুর, ডায়মন্ডহারবার, যাদবপুর, কলকাতা উত্তর ও কলকাতা দক্ষিণ। একইসঙ্গে বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও ওইদিনই ভোট নেওয়া হবে।

এছাড়াও উত্তরপ্রদেশ ও পাঞ্জাবের ১৩ টি করে, বিহারের-৮, ওড়িশার-৬, হিমাচল প্রদেশের-৪, ঝাড়খন্ডের-৩ এবং চন্ডীগড়ের একটি আসনে শনিবার ভোট গ্রহণ।

০০০০০০০০০০০০০০০০০০

অষ্টাদশ লোকসভা নির্বাচনের শেষ দফার জন্য আজ জোরদার প্রচার চালাবে সব দলই। তারকা প্রচারক ও শীর্ষ নেতারা ভোটারদের মন জয়ে সবরকমের চেষ্টা চালাচ্ছেন।

রাজ্যে প্রচারে এসে শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দক্ষিণ ২৪ পরগনার কাকদ্বীপে জনসভা থেকে ওবিসি সংরক্ষণ, দুর্নীতি ও স্বজনপোষণের ইস্যুতে তৃণমূল কংগ্রেসকে নিশানা করেন। অনগ্রসরদের অধিকার বঞ্চিত করে তা সংখ্যালঘুদের বিলিয়ে দেওয়া হয়েছে বলেও কটাক্ষ করেন তিনি। পাশাপাশি কেন্দ্রের নদী বাঁধ রক্ষায় পাঠানো টাকা শাসক দল আত্মসাৎ করছে বলে অভিযোগ করেন তিনি।

(বাইট – মোদী)

বিজেপির সর্ব ভারতীয় সভাপতি জগৎপ্রকাশ নাড্ডা গতকাল কলকাতা দক্ষিণ আসনে দলীয় প্রার্থীর সমর্থনে এক রোড শো করেন। আশুতোষ কলেজ থেকে শুরু হয়ে রোড শো যায় শ্যামাপ্রসাদ মুখার্জীর বসত বাড়ি পর্যন্ত। সন্ধ্যায় শহীদ মিনার ময়দানে বিজেপি-র পক্ষ থেকে এক ড্রোণ শো-এর আয়োজন করা হয়। দিল্লি আই আই টি-র প্রাক্তনীরা এই শো-এর পরিকল্পনা করেছে।

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, ভাঙড়ে সভার অনুমতি দিয়েও পুলিশ তা প্রত্যাহার করে নিয়েছে। শাসক দলের ভোট লুঠ ঠেকাতে তৃণমূল কংগ্রেস বিরোধী সব দলকে এক সঙ্গে প্রতিরোধ গড়ে তুলতে হবে বলেও তিনি উল্লেখ করেন।

(বাইট – শুভেন্দু)

ক্যানিং পূর্ব বিধানসভার পাতিখালি স্কুলমাঠে গতকাল একটি জনসভা করেন শুভেন্দু।

এদিকে, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ গড়িয়াতে রোড শোতে অংশ নেবেন। গতকাল একাধিক জনসভা করেছেন তিনি। বারুইপুরের সভা থেকে তিনি বলেন, প্রধানমন্ত্রী ভোট চাইতে এসে অসত্য ভাষণ দিচ্ছেন।

(বাইট – মমতা)

উত্তর কলকাতার সিমলা স্ট্রীটে স্বামী বিবেকানন্দের বসত বাড়ি পর্যন্ত এক পদযাত্রায় অংশ নেন তৃণমূল কংগ্রেস নেত্রী।

পরে ডায়মন্ড হারবারের তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে এক জনসভায় মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় এজেন্সি দিয়ে তাকে ভয় দেখানো যাবে না।

(বাইট – মমতা – মেটিয়াবুরুজ )

এদিকে আজ গোসাবায় সভা করবেন অভিষেক বন্দ্যোপাধ্যায়।

সি পিআই এম-এর রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আজ দেগঙ্গা বাজারে দলীয় প্রার্থীর সমর্থনে একটি জনসভা করবেন।

যাদবপুরের সি পি আই এম প্রার্থীর সমর্থনে বারুইপুরে মিছিলে উপস্থিত থাকবেন নীলোৎপল বসু।

oooooooooooooooooooo

এদিকে, শেষ দফার ভোটের আগে ঘূর্ণিঝড় রিমালের তান্ডবে ক্ষতিগ্রস্ত বুথগুলির দ্রুত মেরামত করার নির্দেশ দিয়েছেন, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব। দুই ২৪ পরগনায় ক্ষতিগ্রস্ত বুথগুলি স্থানান্তরের কোন প্রয়োজন হবে না বলে জেলাশাসকরা তাঁকে জানিয়েছেন। শেষ দফার ভোট অশান্তিমুক্ত রাখতে কেন্দ্রীয় বাহিনীর পাশাপাশি থাকছে ১ হাজার ৯৫০-টি ক্যুইক রেসপন্স টিম।

এই দফায় যে ৯-টি আসনে ভোট নেওয়া হবে, তার মধ্যে রয়েছে যাদবপুর। নজরকাড়া এই কেন্দ্রটি নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন -

(ভয়েসকাস্ট)

০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে সংশোধিত নাগরিকত্ব আইন সিএএ-র ২০২৪ এর বিধি অনুযায়ী নাগরিকত্বের সার্টিফিকেট দেওয়ার প্রক্রিয়া শুরু হয়েছে। প্রথম দফায় গতকাল আবেদনকারীদের নাগরিকত্ব দেয় রাজ্যের ক্ষমতা প্রাপ্ত কমিটি। স্বরাষ্ট্রমন্ত্রক জানিয়েছে, হরিয়ানা ও উত্তরাখন্ডের ক্ষমতা প্রাপ্ত কমিটিও আজ প্রথম দফায় আবেদনকারীদের নাগরিকত্ব মঞ্জুর করেছে। ২০২৪ এর সি এ এ বিধি অনুযায়ী গত ১৫ই মে দিল্লীতে নাগরিকত্বের সার্টিফিকেট আবেদনকারীদের হাতে তুলে দিয়েছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব। সূত্রের খবর অনুযায়ী, গতকাল যারা শংসাপত্র পেয়েছেন তারা মূলতঃ নদীয়া ও উত্তর ২৪ পরগনার বাসিন্দা।

জানা গেছে, পশ্চিমবঙ্গ থেকে নাগরিকত্বের আবেদনকারীদের মধ্যে প্রয়োজনীয় নথি দেখাতে পারেননি।

০০০০০০০০০০০০০০০০০০

OBC শ্রেণীভূক্তদের সংরক্ষণ বিতর্কের মধ্যেই ওয়েস্টবেঙ্গল মুসলিম অ্যাসোসিয়েশন গতকাল কলকাতা প্রেস ক্লাবে একটি আলোচনাসভার আয়োজন করে। উপস্থিত ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক কাজী মাসুম আখতার, সংখ্যালঘু কমিশনের প্রাক্তন চেয়ারম্যান এন্তাজ আলি শাহ প্রমুখ। বক্তারা সংখ্যালঘুদের নিয়ে সরকারের ভ্রান্ত নীতিকে নিশানা করেন। রাজ্য সরকার সংখ্যালঘুদের জন্য উন্নয়ন করেছে বলে ফুলিয়ে ফাঁপিয়ে দেখানো হচ্ছে। রাজ্যের সংখ্যালঘু সম্প্রদায়ের মাথারা যেভাবে শাসকদলকে ভোট দেওয়ার কথা বলেছেন, তা অনুচিত বলে মন্তব্য করেন কাজী মাসুম আখতার।

০০০০০০০০০০০০০০০০০০০০

শিলিগুড়ি শহরে অপরিশ্রুত পানীয় জল সরবরাহের অভিযোগ তুলে পুরসভার বিরুদ্ধে আন্দোলনে নেমেছে বিজেপি। বাঁধ মেরামতের জন্য তিস্তার জল সরবরাহ আপাতত বন্ধ রয়েছে। মহানন্দার জল শোধন করে তা পানীয় জল হিসেবে কয়েকদিন ধরে দেওয়া হচ্ছে।

এদিকে, গতকালই মেয়র গৌতম দেব ওই জল পানের অযোগ্য বলে ঘোষণা করেন। এর বিরুদ্ধে সরব হয়েছেন শহরবাসী। বিজেপি-র তরফে গতকাল হাসমিচক এলাকায় অবরোধ, বিক্ষোভ দেখানোর পাশাপাশি আয়োজন করা হয় মিছিলের।

০০০০০০০০০০০০০০০০০০০০

জলপাইগুড়ির ধুপগুড়িতে বিয়ের অনুষ্ঠানে যোগ দিয়ে ফেরার পথে দুর্ঘটনায় অন্তত ১২ জন গুরুতর আহত হয়েছেন। আশঙ্কাজনক অবস্থায় ৩ জনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। ডুডুয়া সেতু সংলগ্ন এলাকায় গতরাতে ম্যাটাডোরের সঙ্গে অন্য একটি গাড়ির সংঘর্ষ হলে ম্যাটাডোর উল্টে যায়।

০০০০০০০০০০০০০০০০০০০০

উত্তর কলকাতার বাগবাজার গৌড়ীয় মিশনের উদ্যোগে একুশ দিনব্যাপী শ্রীকৃষ্ণের চন্দন যাত্রা উৎসব আজ নানা ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে সমাপ্ত হচ্ছে। চন্দন যাত্রা মাহাত্ম্য কথা, শ্রীমৎ ভাগবত পাঠ, ধর্মকথা সহ নানা ধর্মীয় অনুষ্ঠান পালিত হয় একুশ দিন ধরে। চন্দন যাত্রা উৎসবে বহু ভক্ত ভিড় জমিয়েছেন বাগবাজার গৌড়ীয় মিশনে। দেশ-বিদেশের সন্ন্যাসী রাও এই চন্দন যাত্রা উৎসবে শামিল হয়েছেন। উল্লেখ্য গত ১০ মে চন্দন যাত্রা উৎসবের সূচনা হয়েছিল।

০০০০০০০০০০০০০০০০০০

উত্তরপ্রদেশের উত্তর-পশ্চিম দিক থেকে বাংলাদেশের পশ্চিমভাগ পর্যন্ত বিস্তৃত অক্ষরেখার প্রভাবে বাতাসে প্রচুর পরিমাণে জলীয় বাষ্প প্রবেশ করায় উত্তরবঙ্গের কয়েকটি জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর। আগামীকাল পর্যন্ত কোচবিহার, জলপাইগুড়ি ও আলিপুরদুয়ার জেলায় বৃষ্টির কমলা সতর্কতা জারি করা হয়েছে। ভারী বৃষ্টির হলুদ সতর্কতা রয়েছে দার্জিলিং ও কালিম্পং জেলার জন্য । শনিবার এই জেলাগুলির সঙ্গে উত্তর দিনাজপুরেও ভারী বৃষ্টি হতে পারে।

গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলি ছাড়াও পুরুলিয়া বাঁকুড়া, বীরভূম, দুই মেদিনীপুর, দুই ২৪ পরগনা, কলকাতা ও ঝাড়গ্রামে বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ রয়েছে।

সমুদ্র উত্তাল থাকার সম্ভাবনার প্রেক্ষিতে মৎস্যজীবীদের আগামীকাল সকাল বা পরবর্তী নির্দেশ পর্যন্ত সমুদ্রে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

ooooooooooooooooo